# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১৬

তারিখঃ ১৭ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ
০১ আগষ্ট ২০১৮ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৫৪ তম কমিশন সভা অদ্য ০১/০৮/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. International Leasing Securities Ltd. তদন্তাধীন সময়কালে সংশ্লিষ্ট গ্রাহকের হিসাবে সকল লেনদেনের ক্ষেত্রে লিখিত ক্রয়/বিক্রয় আদেশ তদন্ত কর্মকর্তাদের প্রদান করতে ব্যর্থ হয়েছে। ফলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ ও দ্বিতীয় তফসিল এর আচরণ বিধি ১ ও ২(২) এবং Securities and Exchange Rules, 1987 এর Rule 4(1) এর বিধান লঙ্ঘিত হয়েছে। উক্ত আইনসমূহ লংঘনের জন্য কমিশন অদ্যকার সভায় International Leasing Securities Ltd.কে সতর্ক করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২. Delta Spinners Limited (Issuer) তাদের Rights Issue এর তহবিল ব্যবহারের ক্ষেত্রে রাইটস অফার দলিলে উল্লেখিত খাতে যথাযথভাবে খরচ করেনি, নির্ধারিত সময়ের অতিরিক্ত ১৩ মাস সময় ক্ষেপন করেছে, তাছাড়া তাদের বিভিন্ন সরবরাহকারীকে পরিশোধের ক্ষেত্রে উৎসে কর কর্তন এবং উৎসে কর্তিত কর সরকারি খাতে জমাদান যথাযথভাবে করেনি। ফলে কমিশনের Rights Issue এর সম্মতি পত্রের শর্তসমূহ ভঙ্গ হয়েছে। উক্ত লংঘনের জন্য কমিশন অদ্যকার সভায় Delta Spinners Limited এর প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র ও মনোনীত পরিচালক ব্যতীত) ০১ (এক) লক্ষ টাকা করে জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩. Padma Islami Life Insurance Ltd. (Issuer) তাদের ডিসেম্বর ৩১, ২০১৪ অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন, মার্চ ৩১, ২০১৫ এর প্রথম প্রান্তিকের হিসাব বিবরণী, জুন ৩০, ২০১৫ এর অর্ধবার্ষিক হিসাব বিবরণী এবং সেপ্টেম্বর ৩০, ২০১৫ এর তৃতীয় প্রান্তিকের হিসাব বিবরণী কমিশনে যথা সময়ে দাখিল না করায় Securities and Exchange Rules, 1987 এর Rule 12(3A) এবং কমিশনের নোটিফিকেশন নং SEC/CMRRCD/2008-185/Admin/03-31 তারিখ সেপ্টেম্বর ২৭, ২০০৯ ভঙ্গ করেছে। উক্ত আইনসমূহ লংঘনের জন্য কমিশন অদ্যকার সভায় Padma Islami Life Insurance Ltd. (Issuer) কে সতর্ক করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৪. Western Marine Shipyard Limited (Issuer) তাদের জুন ৩০, ২০১৫ ও জুন ৩০, ২০১৬ অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন, সেপ্টেম্বর ৩০, ২০১৫ ও সেপ্টেম্বর ৩০, ২০১৬ এর প্রথম প্রান্তিকের হিসাব বিবরণী, ডিসেম্বর ৩১, ২০১৫ ও ডিসেম্বর ৩১, ২০১৬ এর অর্ধবার্ষিক হিসাব বিবরণী এবং মার্চ ৩১, ২০১৬ ও মার্চ ৩১, ২০১৭ তারিখে তৃতীয় প্রান্তিকের হিসাব বিবরণী কমিশনে যথা সময়ে দাখিল না করায় Securities and Exchange Rules, 1987 এর Rule 12(3A) এবং কমিশনের নোটিফিকেশন নং SEC/CMRRCD/2008-185/Admin/03-31 তারিখ সেপ্টেম্বর ২৭, ২০০৯ ভঙ্গ করেছে। উক্ত আইনসমূহ লংঘনের জন্য কমিশন অদ্যকার সভায় Western Marine Shipyard Limited (Issuer) কে সতর্ক করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৫. Bengal Fine Ceramics Ltd (Issuer) তাদের জুন ৩০, ২০১৫ ও জুন ৩০, ২০১৬ অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন, সেপ্টেম্বর ৩০, ২০১৫ ও সেপ্টেম্বর ৩০, ২০১৬ এর প্রথম প্রান্তিকের হিসাব বিবরণী, ডিসেম্বর ৩১, ২০১৫ ও ডিসেম্বর ৩১, ২০১৬ এর অর্ধবার্ষিক হিসাব বিবরণী এবং মার্চ ৩১, ২০১৬ ও মার্চ ৩১, ২০১৭ তারিখে তৃতীয় প্রান্তিকের হিসাব বিবরণী কমিশনে দাখিল না করায় Securities and Exchange Rules, 1987 এর Rule 12(3A) এবং কমিশনের নোটিফিকেশন নং SEC/CMRRCD/2008-185/Admin/03-31 তারিখ সেপ্টেম্বর ২৭, ২০০৯ ভঙ্গ করেছে। উক্ত আইনসমূহ লংঘনের জন্য কমিশন অদ্যকার সভায় Bengal Fine Ceramics Ltd (Issuer) এর প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র ও মনোনীত পরিচালক ব্যতীত) ০১ (এক) লক্ষ টাকা করে জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

০১.০৮.২০১৮

মোঃ আনোয়ারুল ইসলাম
নির্বাহী পরিচালক


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২ ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬ ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.sec.gov.bd